भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 012919

Certified that the document is admitted to registration. the signature sheets and the endorsement sheets attached with this document are part of this document

মং ৫,১০,০০০ পাঁচ লক্ষ দশ হাজার টাকা পণ মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহীতা ঃ -

24-Parganas (South)

অম্বালিকা হাউজিং প্রাঃ লিঃ , যাহার অফিস ঠিকানা- ১২১৬, মাদুরদহ হোসেনপুর, কলকাতা-৭০০১০৭, পক্ষে ম্যানেজিং ডাইরেক্টার শ্রী শচীন পাইক পিতা-বিমল পাইক, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাকিন - ৬২ হোসেনপুর, থানা - তিলজলা, কলকাতা - ৭০০১০৭।

No. 2804

Sold to ........ Date 23/1/2008

of ........

Rupees 5000/-

Saumen Das
Stamp Vendor
Alipore Police Court
South 24 Pgs. Kol-27

Rs. 5000/- ..... Five thousand

8788

8789

8790

District Sub-Registrar IV Alipore
24-Parganas (South.)

Abir Chakraborty
Son of Late Nakuleswar Chakraborty
Paschattya Para Road
P.O. Rajpur.
Kol - 149

District Sub-Registrar IV Alipore
24-Parganas (South.)

-ঃ ২ ঃ-

কোবালা দাত্রীঃ-

শ্রীমতী প্রণতী চক্রবর্ত্তী, স্বামী-স্বঃ নকুলেশ্বর চক্রবর্ত্তী, জাতি-হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা-গৃহস্থালী, সাং-রাজপুর, থানা-সোনারপুর, কলকাতা-৭০০১৪৯, জেলা দক্ষিন ২৪ পরগণা,

সমর্থণকারী পক্ষ ঃ- কাজী গিয়াস, পিতা-কাজী সিরাজুল, জাতি-মুসলমান, ভারতীয় নাগরিক, পেশা-ব্যবসা, সাং-দক্ষিন জগদ্দল তরফদার পাড়া রোড, থানা-সোনারপুর, জেলা-দক্ষিন ২৪ পরগণা।

---

কস্য ৪নং বিধি মতে রায়ত স্বত্ব বিশিষ্ট স্বত্বের নিম্ন তপশীলে বর্ণিত কমবেশ ৩৩ শতক শালি জমি জমা সহ মায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ সাজপাট আকর আওলাতাদি দরবস্তু হক হকুক, নির্দ্দায়, নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা মিদং কার্য্যাঞ্চাগে ঃ—

জেলা ২৪ পরগণা, থানা ও এ্যাডিসন্যাল ডিস্ট্রিকট সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর, পরগণা - মেদনমল্ল রাজপুর-সোনারপুর পৌরসভার অন্তর্গত নং ওয়ার্ড ভুক্ত, জে.এল.নং ৫৫, তৌজি নং ২৫০, রে.সা. নং ১০৯, মৌজা-রাজপুর গ্রামের আর.এস ৭২ নং খতিয়ান হইতে আগত ২৫১০ নং খতিয়ান ভুক্ত, আর.এস ৫১ নং দাগে ৩৩ শতক শালি জমি জমা ও আরো

24-Parganas (South)

অন্যান্য দাগের জমি জমা জনৈক হরিমোহন ভট্টাচার্য্য মহাশয় বিগত ইংরাজীর ১৯৩৯ সালে আলিপুর ডিস্ট্রিকট রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির, ৫৩নং ভল্যুমে, ১৬৬ হইতে ১৬৮ পাতায় লিখিত ৪৪৬৬ নং কোবালা মূলে খরিদ করিয়া লইয়া উহাতে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে খাসে ভোগদখলীকার থাকাবস্থায় পরলোকগমন করিলে তাহার ত্যক্ত সম্পত্তি তাহার বৈধ ওয়ারিশান স্বরূপে শ্রীমতী প্রণতী চক্রবর্ত্তী দিগর প্রাপ্ত হইয়া উহাতে এজমালিতে ভোগদখলীকার থাকাবস্থায় ভোগদখলের সুবিধার্থে সকল শরিকগণ একত্রিত ও একমত হইয়া নিজেদের মধ্যে এককেতা বিভাগ বন্টন নামা দলিল দ্বারা বন্টন করিয়া লয়েন। উক্ত দলিল খানি বিগত ১৯৬৪ সালে এস.আর বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির, ১০৯ নং ভল্যুমে, ১৬৩ হইতে ১৮৬ নং পাতায় লিখিত, ৮১৬৩ নং আপোষ নামা দলিল রূপে উল্লেখিত ও লিপিবদ্ধ আছে। উক্ত বন্টন নামা দলিলে আমি অত্র কোবালা দাত্রী তৃতীয় পক্ষ রূপে পক্ষভুক্ত হইয়া উক্ত বন্টন নামা দলিলের সহিত গ্রথিত নকসায় রাজপুর মৌজাস্থিত ২৫১০ নং খতিয়ানভুক্ত আর.এস. ৫১ নং দাগে ৩৩ শতক শালি জমি ও আরো অন্যান্য দাগের জমি জমাপ্রাপ্ত হইয়া উহাতে এযাবৎকাল অন্যের নিরাংশে, নির্ব্বিবাদে খাসে ভোগদখলকারিনী নিয়ত আছি ও হইতেছি।

আমি অত্র কোবালা দাত্রী নিম্ন তপশীলভুক্ত জমি জমা বিলি, বিক্রয়, বন্দোবস্ত আদি করিবার নিমিত্ত আমার পরম বিশ্বাসভাজন **কাজী গিয়াস**, পিতা- কাজী সিরাজুল, সাং-দক্ষিন জগদ্দল তরফদার পাড়া রোড, থানা-সোনারপুর, জেলা-দক্ষিন ২৪ পরগণা মহাশয়কে বিগত ২০০৭ সালে এ.ডি.এস.আর সোনারপুর অফিসে রেজিস্ট্রীকৃত ৪নং বহির, ১৩২৮ নং আমমোক্তার নামা

24-Parganas (South)

দলিল মূলে আমমোক্তার নিযুক্ত করিয়াছি। তৎকারণে অত্র দলিলে তাহাকে সমর্থণকারী পক্ষ ভুক্ত করা হইল। অত্র দলিলে আমি নিজে সহি সম্পাদন করিয়া রেজিস্ট্রী কার্য্য সম্পন্ন করিলাম।

এক্ষনে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ অর্থের বিশেষ আবশ্যকে আমি আমার বন্টন সূত্রে প্রাপ্ত জমি জমার মধ্যে ৭২ নং খতিয়ান হইতে খন্ড ২৫১০ নং খতিয়ান ভু ক্ত আর.এস. ৫১ নং দাগে ৩৩ শতক শালি জমি জমা বিক্রয় করিবার ঘোষণা করিলে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি ডাইরেক্টর তাহা অবগত হইয়া **মং ৫,১০,০০০ পাঁচ লক্ষ দশ হাজার টাকা** পণ মূল্যে খরিদ করিবার প্রস্তাব দিলে আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি ডাইরেক্টরের নিকট হইতে উক্ত ধার্য্য পণ মূল্যের সমুদয় টাকা নিম্ন জায়মত গ্রহণ করিয়া তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি অত্র ডাইরেক্টরের নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন করতঃ এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ—

অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি ডাইরেক্টর অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া কালেকটারী রাজপুর-সোনারপুর মিউনিসিপ্যালিটিতে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি অত্র ডাইরেক্টর নিজ নাম পত্তন পূর্বক দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তরে অবাধ ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা

[illegible]
24-Parganas (South)

পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা সর্বত্র সর্ব্বাদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বায়না, প্রজাবিলি, চার্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমি ব্যতীত আমার অপর কোন শরিক দাবীদার বা অংশীদার নাই বা উহা কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকবদ্ধ নহে বা উহা ইতিপূর্বে কোন দেবসেবা বা জনহিতকর কার্য্যে অর্পন করি নাই বা উহা কোন পীরোত্তর ভুক্ত বা উহা ল্যাণ্ড এ্যাকুইজিশান বা কোন পাবলিক বডি কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান নহে বা ঐরূপ হইবার জন্য অদ্যাবধি আমার উপর কোন প্রকার নোটিশ জারি হয় নাই বা উক্ত সম্পত্তি বিক্রয়ের প্রতিশ্রুতিতে ইতিপূর্বে কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তির দরুন কোন প্রকার মামলা মোকর্দ্দমা দায়ের বা চলতি নাই বা উক্ত সম্পত্তি পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক ভেষ্ট নহে সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ স্বত্বযুক্ত ও খাস অবস্থায় আমার দখলে ও বিক্রয় যোগ্য উক্ত স্বত্ব বিদ্যমান থাকাবস্থায় অত্র দলিল মূলে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি অত্র ডাইরেক্টরকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি অত্র ডাইরেক্টরের অনুকূলে খোলসা দখল চিরতরে পরিত্যাগ করিলাম।

[illegible]
24-Parganas (South)

ভবিষ্যতে অত্র দলিলে কোন রূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে সেক্ষেত্রে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি ডাইরেক্টর আপনার খরিদা স্বত্ব সম্পূর্ণ দৃঢ়তর করার জন্য অত্র কোবালা পোষকে যুক্তি সঙ্গত যে কোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল ও এফিডেভিট করার প্রয়োজন হইলে আমি তাহা বিনা পণে বেওজরে অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে ডাইরেক্টর আপনার খরচায় আপনার তলবমত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

আমি এতদ্বারা আরও স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা উহাতে কোন অংশ মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে মাফিক আইনের আমলে আসিব, অধিকন্তু আমার প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যুনতা প্রযুক্ত অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে ডাইরেক্টর আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা মায় যাবতীয় খরচ ও ক্ষতি পূরণ সহ আপনাদিগকে এককালিন ফেরত দিতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় শর্তে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিয়া পণের সমুদয় মবলগে মং ৫,১০,০০০ **পাঁচ লক্ষ দশ হাজার টাকা** অত্র কোবালা গ্রহীতা সংস্থা পক্ষে আপনি ডাইরেক্টরের নিকট হইতে নিম্ন জায়মত এককালীন নগদ



গ্রহণ করিয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিলে যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০০৮ সালের 28/সেপ্টেম্বর

মোতাবেক বাংলার ১৪১৫ সনের 20 পৌষ

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা, থানা ও এ্যাডিসন্যাল ডিস্ট্রিকট সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর, পরগণা - মেদনমল্ল রাজপুর-সোনারপুর পৌরসভার অন্তর্গত 24 নং ওয়ার্ড ভুক্ত জে.এল.নং ৫৫, তৌজি নং ২৫০, রে.সা. নং ১০৯, মৌজা-রাজপুর গ্রামের ৭২ নং খতিয়ান হইতে খন্ড ২৫১০ নং খতিয়ান ভুক্ত আর.এস. ৫১ নং দাগে, ৩৩ শতক শালি জমি জমা মায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদিসহ অত্র সাফ বিক্রয় কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা অত্র সহ দাখিলী নকসায় লাল রঙের রেখার দ্বারা সীমাকৃত করিয়া দেখানো হইল। অত্র নকশা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে। ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা ২ টাকা হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পক্ষে জেলা দক্ষিন ২৪ পরগণা কালেকটার বাহাদুর সেরেস্তায় সন সন আদায় দিতে হয়।

## চৌহদ্দি

উত্তর ঃ ২০ নং দাগের জমি।

দক্ষিন ঃ ৫২ নং দাগের জমি।

পূর্ব ঃ অন্যের জমি।

পশ্চিম ঃ ৮ এবং ৫৭ নং দাগের জমি।

[illegible]
24-Parganas (South)

-ঃ ৮ ঃ-

## টাকার জায়

| তারিখ | চেকে/ড্রাফটে | ব্যাঙ্ক | টাকা |
|---|---|---|---|
| 22.08.08 | 203558 | Axis Bank Garia. | 60,000/- |
| 23.12.08 | 016796 | Axis Bank Garia. | 4,00,000/- |
| 23.12.08 | 016797 | Axis Bank Garia | 50,000/- |
| | | | ৫,১০,০০০ টাকা |

মবলগে পাঁচ লক্ষ দশ হাজার টাকা বুঝিয়া পাইলাম।

ইসাদি

১। আবীর চক্রবর্তী
পশ্চিম পাড়া রোড
পোঃ নরেন্দ্রপুর

২। Sk. Jakir
Elachi, Narendrapur
Kol- 103

মুসাবিদাকারক ঃ-
Alok Sofee
Advocate
Alipore Police Court
Kol. 27


কম্পিউটার প্রিন্টএ্যাট ঃ-
রামঠাকুর কম্পিউটার এ্যান্ড জেরকস্
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭।।
অক্ষর বিন্যাস ঃ-

District Sub-Registrar IV Alipore
24-Parganas (South.)

District Sub-Registrar IV Alipore
24-Parganas (South.)

PLAN OF MOUZA- RAJPUR. J.L NO 55.
R.S 405 DAG NO 51. KHATIAN NO-2510.
P.S SONARPUR. RAJPUR SONARPUR MUNICIPALITY
WARD NO

AREA OF LAND- 33 SATAK
SHOWN IN RED BORDER




DRAWN BY

District Sub-Registrar IV Alipore
24-Parganas (South)



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name [illegible]

Signature ............................................................



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |




Name [illegible]

Signature ............................................................



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name SACHIN PAL

Signature [illegible]

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ............................................................

Signature ............................................................

District Sub-Registrar IV Alipore
24-Parganas (South)

# Government Of West Bengal

**Office Of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

## Endorsement For Deed Number : I - 04200 of 2011
**(Serial No. 06383 of 2008)**

### On 24/12/2008

### Payment of Fees:

Amount By Cash

Rs. 5638/-, on 24/12/2008

( Under Article : A(1) = 5599/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 24/12/2008 )

### Deficit stamp duty

Deficit stamp duty Rs. 25620/- is paid, by the draft number 031700, Draft Date 23/12/2008, Bank Name State Bank Of India, Kalikapur Bra, received on 24/12/2008

### Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)

Presented for registration at 12.32 hrs on :24/12/2008, at the Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS by Pranati Chakraborty , one of the Executants.

### Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)

Execution is admitted on 24/12/2008 by

1. Pranati Chakraborty, wife of Lt. Nakuleswar Chakraborty , Rajpur, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700149 , By Caste Hindu, By Profession : House wife
2. Kaji Giyas, son of Kazi Sirajul , Dakshin Jagaddal Tarafdar Para Rd, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- , By Caste Muslim, By Profession : Business
3. Sachin Paik
Managing Director, Ambalika Housing Pvt Ltd, 1216 Madurdaha Hossenpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700107 .
, By Profession : Business

Identified By Abir Chakraborty, son of Lt. Nakuleswar Chakraborty, Paschattya Para Rd Rajpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700149 , By Caste: Hindu, By Profession: ----.

( Sukumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

### On 09/02/2009

### Certificate of Market Value(WB PUVI rules of 2001)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-2754005/-

Certified that the required stamp duty of this document is Rs.- 192790 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

( Dulal ChandraSaha )
**DISTRICT SUB-REGISTRAR-IV**

12/13

# Government Of West Bengal
**Office Of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 04200 of 2011**
**(Serial No. 06383 of 2008)**

( Sukumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

### On 07/06/2011

### Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,4 of Indian Stamp Act 1899.

### Deficit stamp duty

Deficit stamp duty

1. Rs. 15180/- is paid, by the draft number 020360, Draft Date 07/06/2011, Bank Name State Bank of India, GARFA, received on 07/06/2011
2. Rs. 49000/- is paid, by the draft number 020349, Draft Date 06/06/2011, Bank Name State Bank of India, GARFA, received on 07/06/2011
3. Rs. 49000/- is paid, by the draft number 020347, Draft Date 06/06/2011, Bank Name State Bank of India, GARFA, received on 07/06/2011
4. Rs. 49000/- is paid, by the draft number 020350, Draft Date 06/06/2011, Bank Name State Bank of India, GARFA, received on 07/06/2011

### Payment of Fees:

Amount By Cash

Rs. 24695/-, on 07/06/2011

( Under Article : A(1) = 24695/- on 07/06/2011 )

( Dulal Chandra Saha )
DISTRICT SUB-REGISTRAR-IV

( Dulal ChandraSaha )
**DISTRICT SUB-REGISTRAR-IV**

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 14
Page from 3507 to 3520
being No 04200 for the year 2011.

(Dulal Chandra Saha) 08-June-2011
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS
West Bengal

মোজা-রাজপুর গ্রামের আর.এস ৭২ নং খতিয়ান হইতে আগত ২৫[illegible] নং

খতিয়ান ভুক্ত, আর.এস ৫১ নং দাগে ৩৩ শতক শালি  জমি জমা ও আরো